গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, দৌলতপুর, খুলনা
http://ati.khulna.gov.bd/

নম্বর: ১২.০১.৪৭০০.০৩০.০০০.৩২.০০১০.২৫.৮৯১ তারিখ: ০৮/১১/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়: ১ম পর্ব (সেশন: ২০২৬-২৭) শিক্ষার্থীদের উপবৃত্তির জন্য দরখাস্ত আহ্বান।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, উপবৃত্তি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকার স্মারক নং-৫৭.০৩.০০০০.০১০.৪০.০০২.২৬.৩৭২ তারিখ: ০১/১১/২০২৬ খ্রি. মোতাবেক জুলাই-ডিসেম্বর,২০২৬ মেয়াদে উপবৃত্তি প্রদানের জন্য অত্র ইনস্টিটিউটে অধ্যয়নরত ১ম পর্ব (সেশন: ২০২৬-২৭) যেসকল শিক্ষার্থী ইতিমধ্যে **'গুগল ফরম'** পূরণ করেছে এবং উপবৃত্তির জন্য যোগ্য বিবেচিত হয়েছে (যোগ্য শিক্ষার্থীর তালিকা ওয়েবসাইটে পাওয়া যাবে) সেসকল শিক্ষার্থীদের নিকট হতে নিম্নোক্তভাবে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পর্বের নাম ও সেশন	শাখা	উপবৃত্তির যোগ্য শিক্ষার্থীর সংখ্যা	যার কাছে দরখাস্ত জমা দিতে হবে	দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ
১ম পর্ব (সেশন: ২০২৬-২৭)	ক-শাখা	৭৮ জন	জনাব মোঃ মাহমুদ সুলতান অফিস সহকারী কাম কম্পি. মুদ্রা.	**১৯/১১/২০২৬ খ্রি.** রোজ বৃহস্পতিবার অফিস সময়ের মধ্যে
	খ-শাখা	৭২ জন	জনাব সুমাইয়া আফরোজ আঁখি ব্যক্তিগত সহকারী	

উল্লিখিত সময়সূচি অনুযায়ী নির্ধারিত **"উপবৃত্তির জন্য শিক্ষার্থী আবেদন ফরম (SAF)"** যথাযথভাবে পূরণ করে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করে দাখিল করতে হবে।

উপবৃত্তির আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

১। শিক্ষার্থীর ডিজিটাল জন্ম নিবন্ধন সনদের ফটোকপি;
২। শিক্ষার্থীর এসএসসি মূল মার্কসীটের ফটোকপি;
৩। পিতার এনআইডি কার্ডের ফটোকপি;
৪। মাতার এনআইডি কার্ডের ফটোকপি;
৫। উপবৃত্তির টাকা পেমেন্টের জন্য পিতা/মাতার অ্যাকাউন্ট নম্বর দিতে হবে। পিতা/মাতা না থাকলে আইনত: অভিভাবকের অ্যাকাউন্ট নম্বর দেওয়া যাবে। সেক্ষেত্রে সংশ্লিষ্ট অভিভাবকের এনআইডি কার্ডের ফটোকপি জমা দিতে হবে। মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে KYC ভেরিফাইড ও সক্রিয় হতে হবে।
৬। পিতার মাসিক আয়ের মূল প্রত্যয়নপত্র (যেমন: পিতা সরকারি চাকরিজীবী হলে হলে iBAS^{++} এর বেতন বিলের কপি, বেসরকারি চাকরিজীবী হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র এবং অন্যান্য পেশার ক্ষেত্রে-সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর অথবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র)।

০৮/১১/২৬

মোঃ সাইফুল ইসলাম
অধ্যক্ষ
টেলিফোন: ০২৪৭৭৭৩৩১২৭
principalatikhulna@dae.gov.bd

অনুলিপি:

১। পরিচালক (উপসচিব), কাশিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা (সদয় জ্ঞাতার্থে)।
২। নোটিশ বোর্ড।